অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/18/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

1 এপ্রিল থেকে স্ট্যান্ডে ভক্তদের সাথে মৌসুম শুরু করবে নিউ ইয়র্ক ইয়াঙ্কিস এবং নিউ ইয়র্ক মেটস বলে ঘোষণা করেছেন গভর্নর কুওমো

বড় আউটডোর স্টেডিয়ামে পেশাদার ক্রীড়া 20 শতাংশ ধারণ ক্ষমতা নিয়ে পুনরায় খুলবে; যারা উপস্থিত হবেন তাদের অবশ্যই সাম্প্রতিক নেতিবাচক পরীক্ষার ফল বা টিকাকরণের প্রমাণ দেখাতে হবে; ভেন্যু এবং অনুষ্ঠানগুলি কঠোর রাষ্ট্রীয় নির্দেশিকার আওতাধীন থাকবে

আঞ্চলিক ক্রীড়া ভেন্যু যে 1,500+ মানুষ ধারণ করে অভ্যন্তরে বা 2,500+ মানুষ বাইরে, সেগুলি পুনরায় খুলতে পারে; ধারণ ক্ষমতা 10 শতাংশতে সীমাবদ্ধ অভ্যন্তরের জন্য এবং 20 শতাংশ আউটডোরের জন্য

বড় আউটডোর পারফর্মিং আর্টস ভেন্যু যা 2,500+ মানুষ ধারণ করতে পারে, সেগুলি 20 শতাংশ ধারণ ক্ষমতা নিয়ে পুনরায় খুলতে পারে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের মেজর লীগ বেসবল দলগুলি, নিউ ইয়র্ক মেটস (New York Mets) এবং নিউ ইয়র্ক ইয়াঙ্কিস (New York Yankees), 1 এপ্রিল থেকে স্টেডিয়ামে দর্শকদের সামনে আবার খেলা শুরু করতে পারবে। বড় আউটডোর স্টেডিয়ামে পেশাদারী ক্রীড়া যা 10,000 বা তার বেশী লোক ধারণ করে, সেগুলিকে 20 শতাংশ ধারণ ক্ষমতা নিয়ে পুনরায় খোলার অনুমতি দেওয়া হবে। অংশগ্রহণকারীদের অবশ্যই প্রবেশের আগে একটি সাম্প্রতিক নেতিবাচক পরীক্ষা বা সম্পূর্ণ করা টিকার সিরিজের প্রমাণ দেখাতে হবে এবং মুখের আবরণ, সামাজিক দূরত্ব এবং স্বাস্থ্য পরীক্ষার উপর কঠোর রাজ্যের নির্দেশিকার আওতাধীন হতে হবে। নিউ ইয়র্ক স্বাস্থ্য দপ্তর (New York State Department of Health) মে মাসে পরীক্ষা এবং টিকা এন্ট্রির প্রয়োজনীয়তাগুলির পুনর্মূল্যায়ন করবে, এবং যদি জনস্বাস্থ্য পরিস্থিতির উন্নতি অব্যাহত থাকে, তাহলে মে মাসের মাঝামাঝি সময়ে সেগুলি বন্ধ করে দেওয়া হতে পারে। MLB মৌসুমে ইয়াঙ্কি স্টেডিয়াম এবং সিটি ফিল্ডে টিকা প্রদান অব্যাহত থাকবে।

সম্প্রতি বৃহৎ পেশাদারী ক্রীড়া ক্ষেত্র পুনরায় খোলার উপর ভিত্তি করে গভর্নর ঘোষণা এও করেন যে ছোট, আঞ্চলিক ক্রীড়া ভেন্যু যা 1,500 জন মানুষ ধারণ করে অভ্যন্তরে বা 2,500 জন মানুষ আউটডোরে, সেগুলি 1 এপ্রিল থেকে আবার খুলতে পারবে। প্রাথমিকভাবে ধারণ ক্ষমতা অভ্যন্তরের জন্য 10 শতাংশ এবং 20 শতাংশ আউটডোরের মধ্যে সীমাবদ্ধ থাকবে। যারা উপস্থিত হবেন, তাদের অবশ্যই প্রবেশের আগে একটি সাম্প্রতিক নেতিবাচক পরীক্ষা বা সম্পূর্ণ করা টিকার

সিরিজের প্রমাণ দেখাতে হবে এবং মুখের আবরণ, সামাজিক দূরত্ব এবং স্বাস্থ্য পরীক্ষার উপর কঠোর রাজ্যের নির্দেশিকার আওতাধীন হতে হবে।

গভর্নর কুওমো এছাড়াও ঘোষণা করেছেন যে স্টেডিয়াম সহ বৃহৎ আউটডোর পারফর্মিং আর্টসের ভেন্যু, যা 2,500 এর বেশী মানুষ ধারণ করে, সেগুলি 1 এপ্রিল থেকে 20 শতাংশ ধারণ ক্ষমতা সহ পুনরায় খুলতে পারবে। জনস্বাস্থ্য পরিস্থিতির উন্নতির সাথে সাথে ভেন্যুর ধারণ ক্ষমতা বাড়তে থাকবে যখন আরো নিউ ইয়র্কবাসী টিকা গ্রহণ করতে থাকবে এবং সম্প্রদায়ে COVID-19 কেস হতে থাকবে। যারা উপস্থিত হবেন, তাদের অবশ্যই প্রবেশের আগে একটি সাম্প্রতিক নেতিবাচক পরীক্ষা বা সম্পূর্ণ করা টিকার সিরিজের প্রমাণ দেখাতে হবে এবং মুখের আবরণ, সামাজিক দূরত্ব এবং স্বাস্থ্য পরীক্ষার উপর কঠোর রাজ্যের নির্দেশিকার আওতাধীন হতে হবে।

"নিউ ইয়র্কবাসীরা হোম টিমকে সমর্থন করতে ভালোবাসে, এবং বিশেষ করে মহান পেশাদার ক্রীড়া দলগুলোকে বন্ধ হতে দেখা কঠিন ছিল যখন আমরা জনস্বাস্থ্য রক্ষার জন্য প্রয়োজনীয় বিধিনিষেধ প্রয়োগ করেছি," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কের COVID পরিস্থিতির উন্নতির সাথে সাথে আমরা নিউ ইয়র্কবাসীদের ইয়াঙ্কি এবং মেটসকে ব্যক্তিগতভাবে উৎসাহ দেওয়ার সুযোগ দিচ্ছি যতক্ষণ তারা নিজেদের নিরাপদ রাখবে। আমি আমাদের প্রিয় দলগুলোকে সিটি ফিল্ড এবং ইয়াঙ্কি স্টেডিয়াম আবার খুলতে দেখতে আগ্রহী, আমরা যখন এই মহামারী থেকে পুনরুদ্ধার পেতে থাকছি।"

বড় আউটডোর স্টেডিয়ামে দর্শকদের সাথে পেশাদারী খেলা পুনরায় খুলতে, প্রতিটি ভেন্যুকে অবশ্যই কঠোর স্বাস্থ্য এবং নিরাপত্তার প্রোটোকল মেনে চলতে হবে, যার মধ্যে রয়েছে:

- ভেন্যু এবং ইভেন্টের জন্য স্বাস্থ্য বিভাগের (Department Of Health, DOH) এর অনুমোদন প্রাপ্ত হতে হবে
- একটি 20 শতাংশ ধারণ ক্ষমতার সীমা বাস্তবায়ন করতে হবে
- দর্শক এবং জনগণের সম্মুখীন হতে হয় এমন কর্মীদের ইভেন্টের আগে একটি সাম্প্রতিক নেতিবাচক COVID-19 পরীক্ষার ফলাফল বা টিকাকরণের প্রমাণ প্রদান করেন তা নিশ্চিত করুন
- যারা উপস্থিত আছেন তাদের সবার জন্য মুখের আবরণ, সামাজিক দূরত্ব রাখা এবং তাপমাত্রা পরীক্ষা করানো বাধ্যতামূলক করা
- সামাজিকভাবে দূরীকৃত আসন বরাদ্দ করা বাধ্যতামূলক করা
- যারা উপস্থিত ছিলেন তাদের কাছ থেকে যোগাযোগের তথ্য সংগ্রহ করা যাতে যোগাযোগ ট্রেসিং প্রচেষ্টাকে অবগত করতে সাহায্য করা যায়
- যে কোন আভ্যন্তরীণ এলাকার জন্য বর্ধিত এয়ার ফিল্ট্রেশন, ভেন্টিলেশন, এবং শুদ্ধিকরণের মান পূরণ করা
- খুচরা, খাদ্য পরিষেবা এবং ক্রীড়া সংক্রান্ত ক্রিয়াকলাপ যেন রাজ্য দ্বারা জারি করা নির্দেশিকার অনুবর্তী হয় তা নিশ্চিত করা

"আমরা সত্যিই সামনের মৌসুম নিয়ে উত্তেজিত এবং বেসবলের সেরা সমর্থকদের নিরাপদে সিটি ফিল্ডে ফেরার জন্য স্বাগত জানাচ্ছি," **মেটসের মালিক, চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা স্টিভ কোহেন বলেন।** "আমরা গভর্নর কুওমো এবং রাজ্যের স্বাস্থ্য বিভাগকে ধন্যবাদ জানাই COVID থেকে নিউ ইয়র্কের পুনরুদ্ধারের এই উল্লেখযোগ্য পদক্ষেপের জন্য এবং আগামী মাসগুলোতে তাদের সাথে কাজ করার জন্য আগ্রহী যখন আশা করি ধারণ ক্ষমতার সীমাবদ্ধতা এবং পরীক্ষা করানোর প্রয়োজন শিথিল হবে - যাতে আমরা যত বেশি সম্ভব ভক্তদের নিরাপদে আমাদের সাথে দারুন সময় কাটানোর সুযোগ করে দিতে পারবো।"

"সম্পূর্ণ ইয়াঙ্কি সংগঠন — এবং বিশেষ করে মাঠে আমাদের খেলোয়াড়রা — ইয়াঙ্কি স্টেডিয়ামে আমাদের বিশ্বস্ত এবং নিবেদিত প্রাণ সমর্থকরা যে প্রাণশক্তি প্রদান করেন, তা উপভোগ করেন," **ইয়াঙ্কিস ম্যানেজিং জেনারেল পার্টনার হ্যাল স্টেইনব্রেনার বলেন।** "আমাদের সমর্থকরা আমাদের গৃহকে এক প্রধান বিশ্বব্যাপী আকর্ষণ করে তুলেছে, এবং তাদের উত্তেজনা হচ্ছে প্রতি মৌসুমে আমরা যে চ্যাম্পিয়নশিপ গোল স্থির করি, তার অনুঘটক। আমরা রোমাঞ্চিত 2021 সালে তাদের ফিরে পেতে পেরে এবং এই মৌসুমে এবং তার পরেও তাদের স্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য সর্বোচ্চ মানের প্রতিশ্রুতি দিতে পেরে আমরা রোমাঞ্চিত। আমরা গভর্নরের সিদ্ধান্তে আনন্দিত যে আমরা ইয়াঙ্কি স্টেডিয়ামে 20% ক্ষমতা নিয়ে মৌসুম শুরু করতে পারি এবং তার অফিসের একনিষ্ঠ কাজ এবং নির্দেশনার জন্য গভীরভাবে প্রশংসা করি। ব্রঙ্কসে এটি একটি বিশেষ বছর হবে, এবং আমরা নিউ ইয়র্ক রাজ্য, মেয়র বিল ডি ব্লাসিও এবং নিউ ইয়র্ক সিটি, মেজর লীগ বেসবল এবং অন্যান্য স্বাস্থ্য এবং নিরাপত্তা বিশেষজ্ঞদের সাথে এক সাথে কাজ চালিয়ে যাবো আমাদের ফেসিলিটিতে সর্বোত্তম এবং সব চেয়ে দায়িত্বশীল অনুশীলন ব্যবহার করার জন্য। আমরা ইয়াঙ্কি স্টেডিয়ামে সব দিক থেকে বিশ্বমানের অভিজ্ঞতা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

বাফেলো বিলস পাইলট প্রোগ্রামের (Buffalo Bills pilot program) সাফল্যের উপর ভিত্তি করে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো 10 ফেব্রুয়ারি ঘোষণা করেছেন যে, 10,000 বা তার বেশী লোক ধারণ ক্ষমতাসম্পন্ন প্রধান স্টেডিয়াম এবং এরিনাগুলিতে খেলা এবং বিনোদনের ইভেন্টগুলি 23 ফেব্রুয়ারি থেকে শুরু করে সীমিত দর্শক নিয়ে পুনরায় খোলা যাবে। আজকের ঘোষণায় বড় আউটডোর ভেন্যুর জন্য ধারণ ক্ষমতার সীমা 10 থেকে 20 শতাংশ বৃদ্ধি পেয়েছে যা 1 এপ্রিল থেকে পেশাদার ক্রীড়া অনুষ্ঠান বা সরাসরি বিনোদনের আয়োজন করতে পারে।

3 মার্চ তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে ছোট মাপের পারফর্মিং আর্টস এবং লাইভ বিনোদন 33 শতাংশ ধারণ ক্ষমতা নিয়ে আবার ইভেন্ট ভেন্যুগুলিতে আব্র শুরু করতে পারে, 100 জন পর্যন্ত অভ্যন্তরে এবং 200 জন পর্যন্ত আউটডোরে, 2 এপ্রিল থেকে শুরু করে। যারা উপস্থিত থাকবেন তারা সবাই যদি প্রবেশের আগে নেতিবাচক পরীক্ষার প্রমাণ বা টিকাকরণের প্রমাণ পেশ করেন তাহলে অভ্যন্তরে ধারণ ক্ষমতা 150 জন মানুষ এবং আউটডোরে 500 জন মানুষ পর্যন্ত বারানো যেতে পারে। আজকের ঘোষণা বৃহত্তর আউটডোর পারফর্মিং আর্টস সেন্টার পুনরায় খুলছে যা কনসার্ট এবং অন্যান্য প্রধান অনুষ্ঠানের জন্য বৃহৎ বিনোদন ভেন্যুতে মোট ধারণ ক্ষমতা 20 শতাংশ পর্যন্ত অনুমোদন করে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন